

নম্বর ৪১.০১.০০০০.০০৯.১৬.০০২.২২.১১৩০

তারিখ: ১৮/১০/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: প্রতিবন্ধী ব্যক্তিদের এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা অবলম্বন।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের ৩য় শ্রেণির (১৬তম গ্রেডভুক্ত) সমাজকর্মী (ইউনিয়ন) পদে জনবল নিয়োগের নিমিত্তে ৬৪টি জেলায় একযোগে আগামী ২১/১০/২০২২ খ্রি. তারিখ রোজ শূক্রবার সকাল ১০.০০ ঘটিকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত পরীক্ষায় প্রতিবন্ধী ব্যক্তিদের এমসিকিউ পদ্ধতিতে প্রতিযোগিতাপূর্ণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক তথা জেলা নিয়োগ পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট পূর্বানুমোদন নিতে হবে। এ ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করে জেলা প্রশাসকগণ আবেদন নিষ্পত্তি পূর্বক শুলেলেখক নিয়োগের অনুমতি প্রদান করবেন।

শর্তসমূহ:

- ১) দৃষ্টি প্রতিবন্ধী ও যাদের হাত নেই এমন প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী, বাক প্রতিবন্ধী ও শ্রবণ প্রতিবন্ধী এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি যেমন- অটিস্টিক, ডাউন সিনড্রোম ও সেরিব্রাল পালসি পরীক্ষার্থীগণকে সাধারণ পরীক্ষার্থীর তুলনায় তাদের প্রয়োজন হলে অতিরিক্ত ১০ মিনিট সময় বৃদ্ধি করা যাবে;
- ২) দশম শ্রেণীর শিক্ষার্থীদের/ সমপর্যায়ের স্কাউটদের শুলেলেখক হিসেবে নেয়া যাবে।

শুলেলেখকদের ক্ষেত্রে আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে;

- ক. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সত্যায়িত কপি;
- খ. প্রার্থী ও শুলেলেখকদের দুই কপি করে পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- গ. সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধীতা সনদ “সুবর্ণ নাগরিক” এর সত্যায়িত কপি।

(বি:দ্র: উপরোক্ত শর্তাবলি ও চাহিত কাগজপত্রাদির বিষয়সমূহ শুধুমাত্র সমাজকর্মী(ইউনিয়ন) নিয়োগ পরীক্ষা ২০২২ এর ক্ষেত্রে প্রযোজ্য।)



মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অ.দা.)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২। উপপরিচালক (সকল)

.....

৩। কেন্দ্র সচিব (সকল)

.....

৪। সংরক্ষণ